ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

www.dncc.gov.bd

মহামারী করোনা ভাইরাসের ভয়াবহ বিস্তার রোধে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত নির্দেশনা এবং প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়ে কর্পোরেশনের করণীয় নির্ধারণ সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ আতিকুল ইসলাম মেয়র
সভার তারিখ	২১ চৈত্র ১৪২৭ / ০৪ এপ্রিল ২০২১
সভার সময়	সকাল ১০.৩০ টা
স্থান	ভার্চুয়াল জুম মিটিং।
উপস্থিতি	

সভার প্রারম্ভে সভাপতি সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, করোনা মহামারীর উদ্ভুত পরিস্থিতিতে সরকার ঘোষিত শর্ত সাপেক্ষে সার্বিক কার্যাবলি/চলাচলে নিষেধাজ্ঞা যথাযথভাবে বাস্তবায়ন করা আমাদের সকলের কর্তব্য। তিনি আরো বলেন, সরকার ঘোষিত নির্দেশনাসমূহ বাস্তবায়নের জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশনকে কার্যকর ভূমিকা রাখতে হবে। তিনি এ বিষয়ে সম্মানিত কাউন্সিলর ও উর্ধ্বতন কর্মকর্তাদের সার্বিক সহযোগিতা কামনা করেন। সূচনা বক্তব্যে প্রধান নির্বাহী কর্মকর্তা মন্ত্রিপরিষদ বিভাগ হতে ০৪ এপ্রিল ২০২১ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জারিকৃত নির্দেশনার বিস্তারিত বিবরণ সভাকে অবহিত করেন। তিনি জানান, প্রধানমন্ত্রীর কার্যালয় হতে ২৯ মার্চ ২০২১ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে অদ্য ০৪ এপ্রিল ২০২১ তারিখে ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১ নম্বর স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগ থেকেজারিকৃত নির্দেশনাসমূহ আগামী ০৫ এপ্রিল ২০২১ ভোর ৬.০০ টা থেকে ১১ এপ্রিল ২০২১ রাত ১২.০০ পর্যন্ত মেয়াদে প্রতিপালন করতে হবে। (সংযুক্তি : বর্ণিত স্মারক)।তিনি বলেন, গতকাল স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব এর সভাপতিত্বে এ বিষয়ে একটি অগ্রিম প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। অত:পর সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	মন্ত্রিপরিষদ বিভাগ থেকে ০৪ এপ্রিল ২০২১ তারিখে জারিকৃত শর্ত সাপেক্ষ কার্যাবলি/চলাচলে নিষেধাজ্ঞা বাস্তবায়নের বিষয়ে সকল বিভাগীয় প্রধান, সম্মানিত কাউন্সিলর ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ সার্বক্ষণিক তদারকি করবেন। ০৪ এপ্রিল ২০২১ তারিখে ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১ নম্বর স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগ থেকেজারিকৃত নির্দেশনাসমূহ আগামী ০৫ এপ্রিল ২০২১ ভোর ৬.০০ টা থেকে ১১ এপ্রিল ২০২১ রাত ১২.০০ পর্যন্ত মেয়াদে প্রতিপালন করতে হবে।	বিভাগীয় প্রধান (সকল) সম্মানিত কাউন্সিলর (সকল) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)
২.	• সরকারি নির্দেশনার আলোকে সকল প্রকার গণপরিবহন (সড়ক, নৌ, রেল ও অভ্যন্তরীন ফ্লাইট) বর্ণিত মেয়াদে বন্ধ থাকবে। তবে পণ্য পরিবহন, উৎপাদন ব্যবস্থা, জরুরি সেবাদানের ক্ষেত্রে এ আদেশ প্রযোজ্য হবে না। তা ছাড়া বিদেশগামী/বিদেশ প্রত্যাগত ব্যক্তিদের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা কার্যকর হবে না। • আইন-শৃংখলা এবং জরুরি পরিষেবা, যেমন ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, বিদ্যুৎ, পানি, গ্যাস/জ্বালানী, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবাসহ অন্যান্য জরুরি ও অত্যাবশ্যকীয় পণ্য ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট অফিসসমূহ তাদের কর্মচারী ও যানবাহন এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে। সম্মানিত কাউন্সিলরবৃন্দ, আঞ্চলিক নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর সাথে সমন্বয় রেখে উক্ত নির্দেশনাসহ মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জারীকৃত অন্যান্য নির্দেশনাসমূহ যথাযথভাবে বাস্তবায়নে তৎপর থাকবেন।	সম্মানিত কাউন্সিলর (সকল) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল)
৩	সিটি কর্পোরেশন একটি সেবামূলক প্রতিষ্ঠান বিধায় জরুরি কাজ সম্পাদনের জন্য সীমিত পরিসরে প্রয়োজনীয় জনবলকে নিজস্ব পরিবহন ব্যবস্থাপনায় অফিসে আনা-নেওয়া করতে হবে।	মহাব্যবস্থাপক (পরিবহন)
৪.	কর্পোরেশনের জরুরি সেবা যেমন, পরিচ্ছন্নতা ও বর্জ্য ব্যবস্থাপনা, মশক নিধন, সড়ক বাতি ব্যবস্থাপনা ইত্যাদি অব্যাহত থাকবে।	প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা/ প্রধান স্বাস্থ্য কর্মকর্তা/প্রধান প্রকৌশলী

৫.	• ডিএনসিসি'র অধিক্ষেত্রে অবস্থিত কাঁচাবাজারগুলো যথাসম্ভব উন্মুক্ত স্থানে স্থানান্তর করতে হবে এবং কাঁচাবাজারে আগত ক্রেতা বিক্রেতাদের মাস্ক পরিধানসহ অন্যান্য স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিত করতে হবে। • কাঁচাবাজার এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যদি সকাল ৮.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি মেনে ক্রয়-বিক্রয় করা যাবে। রাজস্ব বিভাগ/বাজার কর্তৃপক্ষ/স্থানীয় কাউন্সিলরগণ কর্তৃক বিষয়টি নিশ্চিত করতে হবে। • স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিত করণের জন্য নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে এবং আইন অমান্যকারীদের বিরুদ্ধে কঠিন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। • কাঁচা বাজারের প্রবেশমুখে মাস্ক রাখার জন্য সমিতির নেতৃবৃন্দকে নির্দেশনা দিতে হবে। যাতে করে কোনো ক্রেতা যদি অসতর্কভাবে মাস্কবিহীন অবস্থায় কাঁচাবাজারে চলে আসেন তাকে যেন মাস্ক দেয়া যায়। • কর্পোরেশনের মালিকানাধীন কাঁচাবাজার স্থানান্তরের বিষয়ে প্রধান রাজস্ব কর্মকর্তা বাজার সমিতির নের্তৃবৃন্দের সাথে জরুরি ভিত্তিতে আলোচনা করত: সম্মানিত কাউন্সিলরগণের সহযোগিতায় উন্মুক্ত স্থানে কাঁচাবাজার স্থানান্তরের পদক্ষেপ গ্রহণ করবেন। অন্যান্য কাঁচাবাজারসমূহ স্ব স্ব কাউন্সিলরগণ সংশ্লিষ্ট বাজার সমিতির নের্তৃবৃন্দ/মালিকদের সাথে আলাপ করে উন্মুক্ত স্থানে স্থানান্তরের ব্যবস্থা নেবেন।	সম্মানিত কাউন্সিলর (সকল) প্রধান রাজস্ব কর্মকর্তা আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল)
৬	কোভিড-১৯ বিষয়ে জনসাধারণকে টেলিফোনে স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে অবিলম্বে ডিএনসিসি'র উদ্যোগে টেলিমেডিসিন সার্ভিস চালু করা হবে। প্রধান স্বাস্থ্যকর্মকর্তা ও ৪১ নম্বর ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর ডাঃ আব্দুল মতিন যৌথভাবে এ উদ্যোগ বাস্তবায়ন করবেন।	ডাঃ আব্দুল মতিন, কাউন্সিলর, ৪১ নম্বর ওয়ার্ড, ডিএনসিসি প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ডিএনসিসি
৭.	করোনা ভাইরাসের সংক্রমণ রোধে একান্ত জরুরি প্রয়োজন ব্যতীত অফিসে দর্শনার্থী বা বহিরাগত ব্যক্তির প্রবেশ নিরুৎসাহিত করতে হবে। এই বিষয়ে সকল পর্যায়ের কর্মকর্তাকে সক্রিয় ভূমিকা পালন করতে হবে।	বিভাগীয় প্রধান (সকল) আঞ্চলিক নির্বাহী অফিসার (সকল)
৮.	একান্ত জরুরি প্রয়োজনে কর্মকর্তাদের গাড়িতে করে অফিসে আসা-যাওয়ার ক্ষেত্রে কর্মকর্তা এবং গাড়িচালকের পরিচয়পত্র আবশ্যিকভাবে সাথে রাখতে হবে। গাড়ির প্রয়োজনীয় কাগজপত্র অবশ্যই গাড়িতে রাখার ব্যবস্থা করতে হবে।	বিভাগীয় প্রধান (সকল) আঞ্চলিক নির্বাহী অফিসার (সকল)
৯.	• বর্জ্য ব্যবস্থাপনা ও পরিচ্ছন্নতা, মশক নিয়ন্ত্রণ, সড়ক বাতি ইত্যাদি জরুরী কাজে ব্যবহৃত গাড়িগুলোতে "জরুরী কাজে ব্যবহৃত ঢাকা উত্তর সিটি কর্পোরেশন" সম্বলিত একটি স্টিকার লাগিয়ে দিতে হবে। • কোন কর্মচারীর অফিসে আসার প্রয়োজন হলে তার জন্য অবশ্যই অফিসের ব্যবস্থাপনায় গাড়ির ব্যবস্থা করতে হবে। কারণ সড়কে কোন গণপরিবহন চলাচল করবে না।	মহাব্যবস্থাপক (পরিবহন)
১০.	সরকার ঘোষিত শর্ত সাপেক্ষ কার্যাবলি/চলাচলে নিষেধাজ্ঞা চলাকালীন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কোন কর্মকর্তা কর্মচারীর কর্মস্থল ত্যাগ করা যাবে না। কারণ যেকোন সময় যেকোনো কর্মকর্তা-কর্মচারীকে রাষ্ট্রীয় জরুরি কাজের জন্য অফিসে আসতে হতে পারে।	বিভাগীয় প্রধান (সকল) আঞ্চলিক নির্বাহী অফিসার (সকল)
১১	যথাসম্ভব অফিসের সকল সভা ভার্চুয়ালি/অনলাইনে সম্পন্ন করতে হবে।	বিভাগীয় প্রধান (সকল) আঞ্চলিক নির্বাহী অফিসার (সকল) মেয়রের একান্ত সচিব
১২.	খাবারের দোকান ও হোটেল-রেস্তোরাঁয় কেবল খাদ্য বিক্রয়/সরবরাহ (Takeaway/Online) করা যাবে। কোন অবস্থাতেই হোটেল-রেস্তোরাঁয় বসে খাবার গ্রহণ করা যাবে না।	সম্মানিত কাউন্সিলর (সকল) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল)
১৩.	দাপ্তরিক কার্যক্রম সম্পাদনের জন্য ই-নথির ব্যবহার বাড়াতে হবে। সকল চিঠিপত্রের আদান-প্রদান ই-মেইলের মাধ্যমে সম্পন্ন করতে হবে। সকল কর্মকর্তা-কর্মচারীকে ই-নথি, ই-মেইল, টেক্সট ম্যাসেজ এবং সামাজিক যোগাযোগ মাধ্যম (যেমনঃ হোয়াটসঅ্যাপ, মেসেঞ্জার) নিয়মিত চেক করার জন্য সচেষ্ট থাকতে হবে।	বিভাগীয় প্রধান (সকল) আঞ্চলিক নির্বাহী অফিসার (সকল)
১৪.	শপিংমলসহ অন্যান্য দোকানসমূহ বন্ধ থাকবে। তবে দোকানসমূহ অনলাইন এর মাধ্যমে ক্রয়-বিক্রয় করতে পারবে। সেক্ষেত্রে সর্বাবস্থায় কর্মচারীদের আবশ্যিক স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং কোন ক্রেতা সশরীরে যেতে পারবে না।	সম্মানিত কাউন্সিলর (সকল) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল)
১৫.	সন্ধ্যা ৬.০০ টা থেকে ভোর ৬.০০ টা পর্যন্ত অতি জরুরি প্রয়োজন ব্যতীত (ঔষধ ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) কোনভাবেই বাড়ির বাইরে বের হওয়া যাবে না। সম্মানিত কাউন্সিলরগণ বিষয়টি নিজ নিজ এলাকায় কঠোরভাবে বাস্তবায়ন করবেন।	সম্মানিত কাউন্সিলর (সকল) বিভাগীয় প্রধান (সকল) আঞ্চলিক নির্বাহী অফিসার (সকল) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল)
১৬	চলমান উন্নয়ন প্রকল্পসমূহের কার্যক্রম অব্যাহত থাকবে। তবে প্রকল্প কাজে নিয়োজিত প্রত্যেক ব্যক্তি যেন মাস্ক পরিধানসহ অন্যান্য স্বাস্থ্যবিধি প্রতিপালন করেন তা নিশ্চিত করতে হবে।	প্রধান প্রকৌশলী/প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা
১৭.	জনসাধারণকে তথ্যসেবা প্রদানের জন্য ডিএনসিসি কন্ট্রোলরুম চালু করতে হবে।	সচিব, ডিএনসিসি
১৮	"সবার ঢাকা" এ্যাপের মাধ্যমে অভিযোগ নিষ্পত্তি ও সেবা প্রদান অব্যাহত রাখতে হবে। সকল স্তরের কর্মকর্তাগণ এ্যাপটি নিয়মিতভাবে চেক করবেন।	ডিএনসিসি'র সকল স্তরের কর্মকর্তা
১৯	বিভিন্ন সংস্থা এবং ব্যক্তিগত মালিকানাধীন জমি, নিম্নভূমি, জলাশয়ের মালিকদের নিজ উদ্যোগে কচুরিপানা পরিষ্কারের জন্য নোটিশ প্রদান করতে হবে। প্রয়োজনে তাদের বিরুদ্ধে মামলা রজুসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ডিএনসিসি আঞ্চলিক নির্বাহী অফিসার (সকল) সহকারী স্বাস্থ্য কর্মকর্তা (সকল)

দ বিভাগ থেকে জারীকৃত নির্দেশনাসমূহ যথাযথ ও কঠোরভাবে বাস্তবায়নের স্বার্থে সভাপতি কাউন্সিলরসহ সকল স্তরের কর্মকর্তা-র্মচারীর আন্তরিক যোগিতা কামনা করে বলেন, এ নির্দেশনা বা নিষেধাজ্ঞাসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করা সম্ভব হলে দেশে করোনা সংক্রমণ নিয়ন্ত্রণে আনা সম্ভব হবে। ন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত নির্দেশনা অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আতিকুল ইসলাম
মেয়র

স্মারক নম্বর: ৪৬.১০.০০০০.০০৬.৯৯.০০৩.২১.২৫

তারিখ: ২২ চৈত্র ১৪২৭
০৫ এপ্রিল ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সম্মানিত কাউন্সিলর (সকল), সাধারণ ওয়ার্ড নং......./সংরক্ষিত আসন নং............, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

২) বিভাগীয় প্রধান ডিএনসিসি। তাঁর আওতাধীন সকল কর্মকর্তা-কর্মচারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

৩) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। আঞ্চলিক পর্যায়ের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

৪) মেয়রের একান্ত সচিব, মেয়রের দপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর , স্থানীয় সরকার বিভাগ। সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

৬) নির্বাহী ম্যাজিস্ট্রেট (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

৭) প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য।

৮) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ওয়েবসাইটে আপলোডসহ অফিসিয়াল ই-মেইলযোগে সকল কর্মকর্তার নিকট প্রেরণ করার অনুরোধ করা হলো।

রবীন্দ্রশ্রী বড়ুয়া
সচিব